

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৮৯


তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি।

অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় সকল অধ:স্তন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্তে সেবা চূড়ান্ত করনের লক্ষে বিগত ০১/০২/২০২৩ খ্রি. তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করত উক্ত “সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিম্নরূপ নির্ধারন করা হল।

ক্র: নং	প্রস্তাবিত ধাপসমূহ
১	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
২	পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা ইমেইলে প্রেরণ।
৩	উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরন নথিতে উপস্থাপন।
৪	সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে হলে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ। সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান করবে।
৫	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের আদেশ সমবায় সমিতিতে প্রেরণ।
৬	জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ও ডাইরিভুক্তকরন।
৭	জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
৮	জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইল বা নথিতে জারী করে সমিতিতে প্রেরণ।


এ অবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লেখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।


২২/০৩/২০২৩
মোহাম্মদ এরশাদ রিকাবদার
উপজেলা সমবায় অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৮৯/১(৩)

তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি।

- অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
- ০১। সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০২। , সভাপতি/সম্পাদক..... সমবায় সমিতি লিঃ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০৩। অফিস কপি।


২২/০৩/২০২৩
উপজেলা সমবায় অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।